**ST. LAWRENCE HIGH SCHOOL**

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

**Sub:** Bengali Grammar Answer Sheet-1 **Class:** 6 **Date:** 14.04.2020

# সরল বাক্যের গঠন ও বাক্যের সাধু চলিত রূপ

১। মনের ভাবপ্রকাশ করার জন্য যে কতগুলো শব্দ বা পদকে সাজিয়ে লেখা হয় তাকে বলে —
(খ) বাক্য

২। এক বা একাধিক ধ্বনির যোগে বিশেষ ভাবপ্রকাশক কি গঠিত হয়?
(ক) শব্দ বা পদ

৩। শব্দের সঙ্গে বিভক্তিযুক্ত হলে তাকে কি বলে?
(ঘ) পদ

৪। একটি বাক্য ছোট বড় বা সংক্ষিপ্ত নানাপ্রকারের হতে পারে তবে তার মধ্যে উপযুক্ত কি থাকা চাই?
(ক) সঙ্গতিপূর্ণ একটা অর্থ

৫। সম্পূর্ণ অর্থপ্রকাশ করতে হলে একটি বাক্যে অন্তত একটি কর্তা এবং আর কি থাকতেই হবে?
(খ) সমাপিকা ক্রিয়া

৬। যে কোনো বাক্যে কয়টি অংশ থাকে?
(ক) দুটি

৭। একটি শুদ্ধ বা সার্থক বাক্যে কয়টি গুণ থাকতে পারে?
(খ) তিন

৮। থেকে ফল পড়ল গাছ — এই অশুদ্ধ বাক্যে কোন্‌টি অনুপস্থিত?
(খ) পদগুলি যথাস্থানে বসেনি

৯। হাঁস মাটিতে সাঁতার দিচ্ছে। — এই অশুদ্ধ বাক্যে কোন্‌টি অনুপস্থিত?
(ক) অর্থ বা ভাবের সঙ্গতি নেই

১০। তোমার জন্য আমি — এই অশুদ্ধ বাক্যে কোন্‌টি অনুপস্থিত?
(গ) আগ্রহ বা আকাঙ্ক্ষা পুরো মেটেনি

১১। বাংলা বাক্যে সাধারণত উদ্দেশ্য ও বিধেয় কোথায় কোথায় বসে?
(ক) উদ্দেশ্য প্রথমে বিধেয় পরে

১২। আমাদের মনের ভাব আমরা কয়টি রীতিতে লিখে প্রকাশ করি?
(ক) দুটি

১৩। বাংলাদেশে গদ্য লেখায়, চিঠিপত্রে, দলিলে যে ভাষা ব্যবহৃত হয় তা হল —
(ক) সাধু ভাষা

১৪। ভাগীরথী নদীর তীরের ভাষাটি হল —
(খ) চলিত ভাষা

১৫। সাধু ও চলিত ভাষায় মূল পার্থক্য দেখা যায় —
(খ) সর্বনাম ও ক্রিয়াপদের রূপে

**Amit Kundu**